

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯১০

আগরতলা, ১৪ আগস্ট, ২০২৪

৪ সেপ্টেম্বর থেকে ত্রয়োদশ বিধানসভার পঞ্চম অধিবেশন

ভারতীয় সংবিধানের ১৭৪ অনুচ্ছেদের (১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ত্রিপুরার রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আগামী ৪ সেপ্টেম্বর, ২০২৪ সকাল ১১টায় নিউ ক্যাপিটেল কমপ্লেক্সস্থিত বিধানসভা ভবনে ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার পঞ্চম অধিবেশন আহ্বান করেছেন। বিধানসভার সচিব এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানিয়েছেন।
